

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
রাজস্ব শাখা
www.mymensingh.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১০০.০২৪.০২.০০১.১৯-

৭৯৮

তারিখঃ ০২ চৈত্র, ১৪৩০
০২ এপ্রিল, ২০২৪

অফিস আদেশ


ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.১১.১১৬.১২.৮৬৯ তারিখ: ১৩/১১/২০১৯ খ্রি. মূলে প্রাপ্ত ছাড়পত্র এবং গত ১৯/১১/২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১১৬.১২.৫৬ নং স্মারকে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি করায় লিখিত ও মৌখিক পরীক্ষার মূল্যায়নের মাধ্যমে এবং উপযুক্ত প্রার্থী বাছাইয়ের নিমিত্ত গঠিত নির্বাচনী কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে উল্লিখিত বেতন স্কেলে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শর্ত সাপেক্ষে নিয়োগ করা হলো।

০১। পদের নাম: অফিস সহায়ক

ক্রঃ নং	রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদের নাম	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)
১.	১০৫৭৬৯	আল আমিন পিতা- মনির উদ্দিন	গ্রাম- চকশ্যামরামপুর, ডাকঘর- অম্বিকাগঞ্জ উপজেলা- সদর, ময়মনসিংহ	অফিস সহায়ক	গ্রেড-২০ টাকা ৮২৫০-২০০১০

শর্তাবলীঃ

১. প্রার্থীকে আগামী ১৫/০৪/২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর রাজস্ব শাখায় স্বীয় পদে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে তঁার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
২. প্রার্থীকে সিভিল সার্জন, ময়মনসিংহ এর নিকট হতে ডোপ টেস্ট ও শারীরিক সুস্থতার সনদপত্র সংগ্রহপূর্বক যোগদানপত্রের সঙ্গে জমা দিতে হবে।
৩. যোগদানের সময় সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রশ্মিন ছবি ও এই নিয়োগ আদেশের মূলকপি প্রদর্শন পূর্বক অনুলিপি দাখিল করতে হবে।
৪. আবেদনপত্রের সাথে প্রার্থীর দাখিলকৃত তথ্যাদিতে কোন তথ্য গোপন করে কিংবা ভুল/মিথ্যা তথ্য প্রদান করে বা কোনো ধরনের জালিয়াতি করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং তঁার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৫. ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা- কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ এর ৬(১)(ক) বিধি অনুসারে প্রার্থীগণকে যোগদানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছর শিক্ষানবিশি হিসেবে বিবেচিত হবেন।
৬. ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ এর ৬(২) অনুযায়ী কোনো কর্মচারীর শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় কিংবা তার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ শিক্ষানবিশি কর্মচারীর চাকরির অবসান ঘটাতে পারবেন।
৭. প্রার্থীকে পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণপূর্বক যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে জমা দিতে হবে। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৮. কোনো তথ্য গোপন করে কিংবা ভুল/মিথ্যা তথ্য প্রদানপূর্বক চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৯. প্রার্থীকে স্বীয় কর্মস্থলে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা প্রদান করা হবে না।


(দিদারে আলম মোহাম্মাদ মাসুদ চৌধুরী)
জেলা প্রশাসক
ময়মনসিংহ

ফোনঃ ০২৯৯৬৬-৬৫৭৭৭ (অফিস)

০১৭৩৩৩৭৩০০ (মোবাইল)


ই-মেইলঃ dcmymensingh@mopa.gov.bd

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৬১০০.০২৪.০২.০০১.১৯- ৭৯৮ (৬৫)

তারিখঃ ০২ চৈত্র, ১৪৩০
০২ এপ্রিল, ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮ শহীদ তাজউদ্দিন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. পুলিশ সুপার, ময়মনসিংহ।
৫. সিভিল সার্জন, ময়মনসিংহ। তাঁকে নিয়োগকৃত ব্যক্তির ডোপ টেস্ট ও স্বাস্থ্য পরীক্ষাপূর্বক স্বাস্থ্য সংক্রান্ত সনদ প্রদানের অনুরোধ করা হলো।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
৮. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), ময়মনসিংহ।
৯. সহকারী কমিশনার (ভূমি), (সকল), ময়মনসিংহ।
১০. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
১১. প্রোগ্রামার, তথ্য প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
১২. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
১৩. জনাব পিতা.....
গ্রামঃ ডাকঘরঃ
উপজেলাঃ জেলাঃ ময়মনসিংহ।
১৪. অফিস কপি।



(দিখারে আসিম মোহাম্মদ মাকসুদ চৌধুরী)
জেলা প্রশাসক
ময়মনসিংহ

ফোনঃ ০২৯৯৬৬-৬৫৭৭৭ (অফিস)
০২৯৯৬৬-৬৫৭৮৮ (বাসা)

ই-মেইলঃ dcmymensingh@mopa.gov.bd